# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১২৪২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. প্রথম অনুচ্ছেদ - ‘আমলে ভারসাম্য বজায় রাখা

بَابُ الْقَصْدِ فِي الْعَمَلِ

## আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَحَبُّ الْأَعْمَالِ إِلَى الله أدومها وَإِن قل»

## বাংলা

১২৪২-[২] ’আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ আল্লাহর নিকট বান্দার সবচেয়ে প্রিয় ’আমল হলো সর্বদা তা করা যদি (পরিমাণে) কমও হয়। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৪৬৪, মুসলিম ৭৮২।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি একটি প্রশ্নের উত্তরে বর্ণিত হয়েছে। বুখারী এবং মুসলিম গ্রন্থে উম্মুল মু’মিনীন ‘আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করা হয়েছিল আল্লাহর কাছে প্রিয় ‘আমল কোন্টি? রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তারই প্রেক্ষিতে বলেন, ‘আল্লাহর কাছে প্রিয় ‘আমল হলো যা সর্বদা করা হয়, যদিও তা কম হয়।’

ইমাম নাবাবী (রহঃ) বলেন, এ হাদীসে ‘আমল ক্ষুদ্র হলেও তা সদা-সর্বদা করার প্রতি উৎসাহ প্রদান করা হয়েছে। সদা সর্বদা কৃত ক্ষুদ্র ‘আমল বিচ্ছিন্ন বা ঘটাক্রমে আদায়কৃত বৃহৎ ‘আমলের চেয়ে উত্তম।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55802

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন